# সম্পাদকের বিবৃতি ২০২২

প্রিয় সদস্যবন্ধু,

আশাকরি সপরিবারে সুস্থ আছেন।

আপনাদের সকলের সহযোগিতায় ও শুভকামনায় আরো একটি কর্মময় বছর আমরা পার করে এলাম। এই বছরের ১২ই আগস্ট তারিখে আমরা **২৫তম বর্ষে** পা রাখলাম। সেই উপলক্ষ্যে গত **১১ই ও ১২ই আগস্ট** সংস্থার পক্ষ থেকে দুটি ভিন্ন ধরণের কর্মসূচী গ্রহণ করা হয়। **১১ই আগস্ট** তারিখে ফোরামের উদ্যোগে **'রাখীবন্ধন উৎসব'** পালিত হয়।এই উৎসবে ফোরামের লোগো দেওয়া রাখী বেঁধে এবং চকলেট প্রদান করে আমাদের সদস্য ও সদস্যারা চলচ্চিত্র জগতের শিল্পী ও কলাকুশলীদের ভ্রাতৃত্বের বন্ধনে আবদ্ধ করলেন।এছাড়া প্রতিটি প্রযোজনা সংস্থা ও চ্যানেলকে রাখী ও মিষ্টি পাঠানো হয় ফোরামের পক্ষ থেকে। **১২ই আগস্ট** তারিখে ফোরামের উদ্যোগে **'সেতুবন্ধন উৎসব'** পালিত হয়। সংস্থার সদস্যরা বিগত কয়েকবছর ধরে অনুযোগ করছিলেন- বিভিন্ন কো-অর্ডিনেটর, প্রোগ্রামার, এজেন্সী, ইত্যাদির দাপটে তাঁরা সরাসরি কাজের সুযোগ পাচ্ছেননা এবং সঠিক মানুষের কাছ অবধি পৌঁছাতে পারছেননা। ফোরাম এই বিষয়ে উদ্যোগী হয় এবং ১২ তারিখের **'সেতুবন্ধন উৎসবে' ১২টি প্রযোজনা সংস্থা ও ৪টি চ্যানেলের আধিকারিকরা** উপস্থিত থেকে সরাসরি **প্রায় ৮০০ জন ফোরাম সদস্যের** সঙ্গে কথা বলেন এবং তাঁদের ছবি ও অন্যান্য প্রয়োজনীয় তথ্য নথিবদ্ধ করেন। ফোরাম কখনই কোন সদস্যকে সরাসরি কাজ পাইয়ে দিতে পারেনা।কিন্তু এই উদ্যোগের মাধ্যমে সমস্ত রকম মধ্যস্থতাকারীকে এড়িয়ে সরাসরি নিয়োগকর্তাদের কাছে ফোরাম সদস্যদের পৌঁছে দিতে পেরেছে।

আমরা অত্যন্ত আনন্দের সঙ্গে জানাচ্ছি যে এই বছর আমরা সুব্রত রায়ের প্রযোজনা সংস্থা থেকে শিল্পীদের ২০১৯-২০ সালের **টিডিএস বাবদ বকেয়া ৬,৯১,৫০০ টাকা** নগদে উদ্ধার করতে সক্ষম হই এবং সংশ্লিষ্ট শিল্পীদের হাতে সেই টাকা তুলে দেওয়া হয়।

প্রতি বছরের ন্যায় এই বছরও ফোরামের তরফ থেকে **১,০০,০০০ টাকা দুঃস্থ শিল্পীদের জন্য সিনেটেল সংস্থার** হাতে তুলে দেওয়া হয়। এই বছর ফোরামের কার্যালয়ে একটি নতুন বায়োমেট্রিক অ্যাটেন্ডেন্স সিস্টেম লাগানো হয়েছে। কার্যকরী সমিতির সিদ্ধান্তানুযায়ী এইবছর থেকে ফোরামের সদস্যপদের জন্য **আবেদনপত্রের দাম ১,০০০ টাকা** ধার্য করা হয়েছে এবং নতুন সদস্যপদের জন্য **এককালীন ৮,২০০ টাকা** নেওয়ার সিদ্ধান্ত হয়েছে। ফোরামের পুরাতন কর্মী **শ্রী রাণা বোস (মাইক্রো)** কে এই বছর পুনরায় অস্থায়ী কর্মী হিসেবে দৈনিক চুক্তিতে নিয়োগ করা হয়েছে। গত বার্ষিক সাধারণ সভায় ফোরামের সংবিধান সংশোধন সংক্রান্ত যে যে সিদ্ধান্তগুলি গ্রহণ করা হয়েছিল, সেগুলি পশ্চিমবঙ্গ সরকারের শ্রম দপ্তরে

নথিভুক্তিকরণের জন্য পাঠানো হয়েছে। এই বছর ফোরাম নতুন করে **৮ লক্ষ টাকার স্থায়ী আমানত (ফিক্সড ডিপোজিট)** গড়ে তুলতে পেরেছে। কার্যকরী সমিতির সিদ্ধান্তানুযায়ী ফোরামের **পরবর্তী বার্ষিক সাধারণ সভা** ও সংস্থার **২৫তম বর্ষপূর্তি অনুষ্ঠান** একত্রে আগামী **১৩ই আগস্ট ২০২৩** তারিখে অনুষ্ঠিত হবে।

এ বছর আমরা বহু প্রিয় সদস্যকে চিরকালের মত হারিয়েছি। অত্যন্ত ব্যথিত হৃদয়ে আমরা স্মরণ করি তাঁদের। যাঁরা এ বছর অমরলোকের উদ্দেশ্যে পাড়ি দিলেন, তাঁরা হলেন-

অভিষেক চ্যাটার্জী
সোনালি চক্রবর্তী
অনন্যা চ্যাটার্জী (বড়)
চাঁদু চৌধুরী
দীপঙ্কর সব্যসাচী মুখার্জী
প্রদীপ মুখার্জী (বড়)
মুকুন্দ চন্দ্র দাস
শুভময় চ্যাটার্জী
স্বপন রায়
ঐন্দ্রিলা শর্মা
পল্লবী দে
অরূপেশ বসু
সুদীপ্ত বিশ্বাস

ইতি।

ভবদীয়

শান্তি লাল মুখার্জী

**শান্তিলাল মুখার্জী**
সাধারণ সম্পাদক

কলকাতা,
৩১শে ডিসেম্বর ২০২২